যুগান্তর

তারিখ ... 07 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

# এমবিবিএস ভর্তির ক্ষেত্রে কোনো আপস নয়

—— স্বাস্থ্যমন্ত্রী

যুগান্তর রিপোর্ট

চিকিৎসকদের মান বজায় রাখতে এমবিবিএস ভর্তির ক্ষেত্রে কোনো আপস নয় বলে জানিয়ে দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, চিকিৎসক তৈরিতে যত চাপই আসুক মানের ক্ষেত্রে কারও সঙ্গে কোনো আপস করা হবে না। তাহলে চিকিৎসক তৈরি না হয়ে কসাই তৈরি হবে।

রোববার মহাখালীতে অবস্থিত বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস অ্যান্ড সার্জনস (বিসিপিএস) আয়োজিত নতুন ফেলো ও মেম্বারদের শপথ গ্রহণ ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন তিনি।

অনুষ্ঠানে ১৯৯ চিকিৎসক এফসিপিএস (ফেলো অব দ্য কলেজ অব ফিজিশিয়ানস অ্যান্ড সার্জনস) এবং ৫৩ জন এমসিপিএস (মেম্বর অব দ্য কলেজ অব ফিজিশিয়ানস অ্যান্ড সার্জনস) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সনদ গ্রহণ করেছেন। সনদ নেয়ার আগে প্রতিষ্ঠানের প্রেসিডেন্ট অধ্যাপক মো. সানোয়ার হোসেন নতুন ফেলো ও মেম্বারদের শপথ পাঠ করান।

প্রতিষ্ঠানের প্রেসিডেন্ট অধ্যাপক ডা. মো. সানোয়ার হোসেনের সভাপতিত্বে এবং অনারারি সচিব অধ্যাপক ডা. মো. আবদুল জলিল চৌধুরীর সঞ্চালনায়

নয় : পৃষ্ঠা ৭ : কলাম ৪

## নয় : আপস

(৩য় পৃষ্ঠার পর)

বক্তব্য রাখেন সিনিয়র ভাইস প্রেসিডেন্ট অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। অনুষ্ঠানে বিসিপিএসের সাবেক প্রেসিডেন্ট অধ্যাপক ডা. গোলাম কিবরিয়া, অধ্যাপক ডা. মাহমুদ হাসান, বিশিষ্ট সার্জন অধ্যাপক ডা. জুলফিকার রহমান খান, অধ্যাপক ডা. কাজী দীন মোহাম্মদ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, সাধারণ রোগীরা জীবন বাঁচাতে আল্লাহর পর চিকিৎসকদের ওপর নির্ভর করে। তাদের এ নির্ভরতার ভিত যেন দুর্বল না হয়ে যায় সেদিকে লক্ষ রাখতে হবে। মন্ত্রী বলেন, ঢাকায় এত বিশেষজ্ঞ চিকিৎসক অথচ ঢাকার বাইরে সরকারি মেডিকেল কলেজ চালানোর মতো অবস্থা নেই। বেশির ভাগ বিভাগে শিক্ষক পাওয়া যায় না। তিনি দেশকে এগিয়ে নিতে চিকিৎসকদের গ্রামে গিয়ে চিকিৎসাসেবা দিতে বিশেষ অনুরোধ জানান। বিকালে স্বাস্থ্যমন্ত্রী সচিবালয়ে 'বার্ন ইন্সটিটিউট স্থাপনের লক্ষ্যে জমি অবমুক্তকরণ' সংক্রান্ত এক আন্তঃমন্ত্রণালয় সভায় সভাপতিত্ব করেন। এ সময় তিনি চানখাঁরপুলে টিবি হাসপাতাল সংলগ্ন জমিতে বার্ন ইন্সটিটিউট স্থাপনের লক্ষ্যে কাজ শুরু করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী এ জায়গায় বার্ন ইন্সটিটিউট তৈরি করতে হবে। সভায় জানানো হয়, চানখাঁরপুলের টিবি হাসপাতাল ও এর সংলগ্ন জমিতে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে বার্ন ইন্সটিটিউট নির্মাণে আইনগত কোনো সমস্যা নেই।

এ সময় পূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলাম, পূর্ত সচিব মঈনুদ্দীন আবদুল্লাহ, ঢাকা বিভাগীয় কমিশনার জিল্লার রহমান, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. দীন মো. নুরুল হক, ডা. সামন্ত লাল সেন, বার্ন ইউনিটের পরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ উপস্থিত ছিলেন।